

# খুবির ফিন্যান্স ডিরেক্টর সাসপেন্ড

খুলনা প্রতিনিধি

১৩ মার্চ ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**

খুলনা বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগের পরিচালক শেখ মুজিবুর রহমানকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। ১০ মার্চ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. এসএম মাহবুবুর রহমান চিঠি দিয়ে বরখাস্তের বিষয়টি জানান। চিঠিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের হিসাব বিভাগের অবসরপ্রাপ্ত কর্মকর্তা রহমত আলীর দেওয়া অভিযোগ তদন্ত করে প্রাথমিক সত্যতা পাওয়া যায়। গত ৮ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ২৩০তম সভায় তদন্ত প্রতিবেদন উত্থাপন করা হলে কিছু সিদ্ধান্ত নেওয়া হয়। এর পরিপ্রেক্ষিতে ১৭ ফেব্রুয়ারি তাকে কারণ দর্শানো নোটিশ দেওয়া হয়। জবাব সন্তোষজনক না হওয়ায় তাকে বরখাস্ত করা হয়েছে। এদিকে গত মঙ্গলবার এক অফিস আদেশে উপাচার্যের সচিব ও উপ-পরিচালক আবু সালেহ মো. পারভেজকে অর্থ ও হিসাব বিভাগের ভারপ্রাপ্ত পরিচালকের দায়িত্ব দেওয়া হয়েছে। খানজাহান আলী হলের সহকারী পরিচালক মিজানুর রহমান খানকে উপাচার্যের সচিব হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।